"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
http://www.dwa.gov.bd

বিষয়ঃ **স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের অনুদান (সাধারণ, বিশেষ ও স্বেচ্ছাধীন) বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। **সাধারণ অনুদান :**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত যে সকল সমিতির নিবন্ধনকাল ৩০/১১/২০২২ তারিখে কমপক্ষে ২ বছর পূর্ণ হবে এইরূপ সকল স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন অনুদানের জন্য আবেদন করতে পারবে। আবেদন করতে ইচ্ছুক সমিতি সংশ্লিষ্ট জেলার উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে আবেদনপত্র সংগ্রহ করতে পারবে। এছাড়া অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের web site হতে ডাউনলোড করা যাবে।

ক) প্রতিটি স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে ৩ কপি নির্ধারিত আবেদন ফরম পূরণ করে স্থানীয় জনপ্রতিনিধির সুপারিশ গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজ পত্র সহ আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে।

I) রেজিস্ট্রেশন ও নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;
II) সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত হাল নাগাদ অডিট রিপোর্ট (৩০/০৬/২০২২ পর্যন্ত পূর্ববর্তী ২ বছর);
III) সংস্থার বর্তমান ও ভবিষ্যত কর্মসূচি ;
IV) নাম , পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ কার্যকরী কমিটির তালিকা ;
V) সাধারন পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থ বছরের বাজেট।
VI) ২০২০-২০২১ অর্থবছরে প্রাপ্ত অনুদানের অর্থ (যদি পেয়ে থাকে) কি কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ ;
VII) চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য কাগজপত্র।

খ) অডিট রিপোর্টে ব্যাংক হিসাব নং, ৩০/০৬/২০২২ তারিখে ব্যাংক স্থিতি, মোট সদস্য সংখ্যা, চাঁদা, সঞ্চয় এবং ঋনের অর্থের পরিমান (যদি ঋণ কার্যক্রম থাকে), বিতরণ, আদায় এবং খেলাপী ঋনের পরিমান পৃথক পৃথকভাবে উল্লেখ করতে হবে।

গ) উপজেলা পর্যায়ে গৃহীত আবেদনপত্রসমূহ উপজেলা কমিটির সুপারিশসহ ৩১/১০/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

ঘ) উপজেলা হতে এবং জেলায় প্রাপ্ত আবেদনপত্রসমূহ জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সমিতির কার্যক্রমের মানের ভিত্তিতে খুব ভাল 'ক', ভাল 'খ' এবং মোটামুটি 'গ' শ্রেণিতে শ্রেণিবিণ্যাস করত: সমিতি সমূহের তথ্যাদি উপজেলা ওয়ারী ধারাবাহিক ভাবে এবং ক্রমিকানুসারে নির্ধারিত ছকে (নাম, ঠিকানা, তারিখসহ রেজিস্ট্রেশন নম্বর ও আবেদনে সুপারিশকারীর নাম, পদবীসহ) সমন্বিত করে ১ প্রস্থ তালিকা (১ প্রস্থ আবেদনপত্রসহ) ৩০/১১/২০২২ তারিখের মধ্যে সদর কার্যালয়ে পৌছাতে হবে।

২। **বিশেষ অনুদান :**

বিশেষ অনুদানের জন্য সাধারন অনুদানের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। বিশেষ অনুদানের ক্ষেত্রেও সাধারণ অনুদান প্রাপ্তির সকল যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য। বিশেষ অনুদানের জন্য প্রতি উপজেলা হতে কমপক্ষে ২টি সমিতির আবেদন গ্রহণপূর্বক জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক ভালমানের ৫ (পাঁচ) টি সমিতির নাম প্রস্তাবপূর্বক ১ প্রস্থ তালিকা ও ১ প্রস্থ আবেদনপত্রসহ প্রেরণ করতে হবে।

৩। **'স্বেচ্ছাধীন অনুদান :**

সমিতি হিসেবে নিবন্ধনের মেয়াদকাল কমপক্ষে ১ (এক) বৎসর পূর্ণ হতে হবে। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের স্বেচ্ছাধীন তহবিল হতে অনুদান প্রাপ্তির জন্য সমিতির নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন ও নবায়ন কার্ডের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপপরিচালক/স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানের সুপারিশসহ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে সমিতির তথ্যাদি সংক্রান্ত "নির্ধারিত ছক" সঠিকভাবে পূরণ না করা হলে, তথ্যাদি গোপন করলে বা ভুল তথ্য দিলে এবং ৩০/১১/২০২২ তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণ যোগ্য হবে না।

২৫/০৭/২০২২

( সৈয়দা রোকেয়া জেসমিন )
উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ।

অর্থবছর.........................

## বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হইতে বার্ষিক এককালীন সাধারণ/বিশেষ অনুদান প্রাপ্তির আবেদন ফরম

১। সংগঠন/সংস্থার নাম :..................................................................................................................

(সনদপত্র অনুযায়ী স্পষ্টভাবে লিখতে হবে)

২। পূর্ণ ঠিকানা :

গ্রাম/রাস্তা নং.........................................................ইউনিয়ন/ওয়ার্ড.................................................

ডাকঘর ................................ উপজেলা ................................ জেলা .......................................

দূরালাপনী নম্বর (যদি থাকে) ................................. ফ্যাক্স নম্বর (যদি থাকে).........................................

মোবাইল নং.................................ই-মেইল নম্বর (যদি থাকে) ...................................................

৩। প্রতিষ্ঠার তারিখ :...........................................................................................................

৪। নিবন্ধন নং ও তারিখ ...........................................................................................................

সর্বশেষ নবায়নের তারিখ.........................................................................................................

৫। কর্ম এলাকাসমূহ ..................................................................................................................

৬। চলমান কর্মসূচির বিবরণ :

(ক)

(খ)

(গ)

(ঘ)

৭। আবেদনকৃত অনুদানের পরিমাণ :.................................................................................................

৮। বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে প্রাপ্ত বিগত ৩ বছরের সাধারণ/স্বেচ্ছাধীন অনুদানের বিবরণ ও বাস্তবায়িত কার্যক্রম (প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করা যাবে) :

| অর্থ বৎসর | অনুদানের ধরন | প্রাপ্ত অনুদানের পরিমাণ | গৃহিত কার্যক্রম |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

৯। বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ হতে প্রাপ্ত বিশেষ অনুদানের বিবরণ ও উপকারভোগীর সংখ্যা (নাম, ঠিকানা ও জাতীয় পরিচয় পত্রসহ সংযুক্ত করতে হবে) :

১০। বিগত ৩ বৎসর অন্য কোনো সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান/দাতা সংস্থা থেকে প্রাপ্ত হলে তার বিবরণ (বৎসরওয়ারী)

| দাতা সংস্থার নাম | অর্থবৎসর | প্রাপ্ত সাহায্যের পরিমাণ | গৃহিত কার্যক্রম |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১১। ৮ ও ৯ নং ক্রমিকে বর্ণিত তথ্যানুযায়ী ৩ বছরের অধিককাল সময় অনুদান পেয়ে থাকলে প্রতিষ্ঠানের শুরু হতে কত বৎসরে মোট কত টাকা অনুদান পেয়েছেন তার পরিমাণ :..........................................................................................

১২। সংস্থার নির্বাচিত বর্তমান কার্যকরী পরিষদ সদস্যদের নিম্নে বর্ণিত ছক অনুসারে ভিন্ন পাতায় তালিকা সংযুক্ত করতে হবে :

| ক্রমিক নং | নাম, পদবি ও বর্তমান ও স্থায়ী ঠিকানা (ভোটার আইডিসহ) | নির্বাচনের তারিখ | জন্ম তারিখ ও শিক্ষাগত যোগ্যতা | সমাজকল্যাণমূলক কাজের অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

১৩। নিম্নবর্ণিত বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ সংযোজন করতে হবে :

(ক) সংস্থার উদ্দেশ্য

(খ) বিগত বৎসরের কার্যক্রম ও বার্ষিক রিপোর্ট দাখিল করতে হবে

(গ) বর্তমান বৎসরের চলমান কর্মসূচির বিবরণ

(ঘ) আগামী অর্থবছরের কাজের পরিকল্পনা

(ঙ) নিবন্ধনের সনদপত্র ও নবায়ন কার্ডের সত্যায়িত ফটোকপি

(চ) উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন

১৪। নিম্নবর্ণিত তথ্যাবলি সংযোজন করতে হবে :

(ক) সরকার অনুমোদিত অডিট ফার্ম/সমবায় কর্মকর্তা কর্তৃক সমিতির ২(দুই) বছরের আয়-ব্যয়ের হিসাব (অডিট) প্রতিবেদন

(খ) সমিতির সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি আর্থিক বৎসরের বাজেট বিবরণী

(গ) বিশেষ অনুদানের ক্ষেত্রে উপপরিচালক /উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন

(ঘ) বিশেষ অনুদানের ক্ষেত্রে সমিতির নিজস্ব জায়গা/ঘরের মালিকানার সপক্ষে দলিলপত্র।

<u>ঘোষণাপত্র</u>

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। আরও ঘোষণা করছি যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত অনুদান সংক্রান্ত যাবতীয় শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকব। এ ছাড়া অংগীকার করছি যে, কোনো মিথ্যা তথ্য পরিবেশন করিনি বা কোনো সত্য গোপন করিনি।

| | | |
|---|---|---|
| কোষাধ্যক্ষ স্বাক্ষর ও তারিখসহ<br>নামাঙ্কিত সীল | সাধারণ সম্পাদক স্বাক্ষর ও তারিখসহ<br>নামাঙ্কিত সীল | সভানেত্রীর স্বাক্ষর ও তারিখসহ<br>নামাঙ্কিত সীল |

(১) সমিতির কার্যক্রম সম্পর্কে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার মতামত ও স্বাক্ষর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মহিলা বিষয়ক অধিদপ্তর
..............................
(নামাঙ্কিত সীল)

(২) সমিতির কার্যক্রম সম্পর্কে উপপরিচালক এর মতামত ও স্বাক্ষর :

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
..............................
(নামাঙ্কিত সীল)

বাপ্রসমুঃ-৬০৬৭ কম(বি-৩)/২০২০-২১—১,০০,০০০ কপি, ২০২১।